

ওহে দয়াময়, নিখিল-আশ্রয় এ ধরা-পানে চাও—
পতিত যে জন করিছে রোদন, পতিতপাবন,
তাহারে উঠাও ।

মরণে যে জন করেছে বরণ তাহারে বাঁচাও ॥
কত দুখ শোক, কাঁদে কত লোক, নয়ন মুছাও ।
ভাঙিয়া আলয় হেরে শূন্যময় । কোথায় আশ্রয়—
তারে ঘরে ডেকে নাও ।

প্রেমের তৃষায় হৃদয় শুকায়, দাও প্রেমসুধা দাও ॥
হেরো কোথা যায়, কার পানে চায় । নয়নে আঁধার—
নাহি হেরে দিক, আকুল পথিক চাহে চারি ধার ।
এ ঘোর গহনে অন্ধ সে নয়নে তোমার কিরণে
আঁধার ঘুচাও ।

সঙ্গহারা জনে রাখিয়া চরণে বাসনা পূরাও ॥
কলঙ্কের রেখা প্রাণে দেয় দেখা প্রতিদিন হয় ।
হৃদয় কঠিন হল দিন দিন, লজ্জা দূরে যায় ।
দেহো গো বেদনা, করাও চেতনা ! রেখো না, রেখো না—
এ পাপ তাড়াও
সংসারের রণে পরাজিত জনে নববল দাও ॥

Parjaay: Porishista, Taal: Kaharwa, Raag: Mishra Bilabal
Visit www.geetabitan.com for notation and other detail